

উৎসব হল মানুষে মানুষে মিলনের আনন্দ

অতিমারির ফলে মানুষ আজ ক্লান্ত আর ঘরকুনো হয়ে পড়েছে। হঠাৎ করে শরতের সুনীল আকাশে, শিউলির গন্ধ আর কাশ ফুল মানুষকে আজ আবার টেনে নিয়ে চলেছে এক মানব জাতির মিলন উৎসবে। মানুষ আজ আবার স্বপ্ন দেখতে শুরু করেছে পাহাড়ে, সমুদ্রে বা জঙ্গলে বেড়াতে যাওয়ার। পুজোর ছুটিতে আমরা আবার নতুন জামা পরে বন্ধু- বান্ধবেদের সাথে বেরিয়ে পড়েছি প্রিয় খাবারের সন্ধানে। অতিমারির এই মারণ ভাইরাস শুধু যে মানুষকে অসুস্থ করেছে তাই নয়, মানুষকে মানুষের কাছ থেকে সরিয়ে দিয়ে শেষ করে দিতে চেয়েছে মানব জাতির মূল অস্তিত্বকে। কিন্তু তা আমরা কিছুতেই হতে দিতে পারিনা।

দেবী পঙ্কের ডাকে, আজ আমরা প্রস্তুত, এই দুর্গা পুজোর মধ্যে দিয়েই বধ করব মহিষাসুররূপী করোনা ভাইরাসকে। কিন্তু আমাদের অবশ্যই সাবধানতা অবলম্বন করতে হবে। আমাদের প্রত্যেককেই সুরক্ষা বলয় থেকে প্রয়োজনীয় ভ্যাকসিন নিয়ে, মাস্ক পরে, সকল বিধিনিষেধ মেনে, এই পুজোয় অংশগ্রহণ করতে হবে।

তাই মানুষের এই মিলন মেলায় আমরা যেন অসতর্ক না হই, বরং সকল বিধিনিষেধ মেনে দেবী দুর্গার আরাধনায় মেতে উঠি।।

অনুষ্কা চক্রবর্তী
৮-গ

